BANGLADESH
HI-TECH PARK
AUTHORITY

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বিনিয়োগ শাখা
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
www.bhtpa.gov.bd

বিনিয়োগ অগ্রাধিকার

তারিখ: ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.০২.০০০০.০০৭.১৬.০২২.১৮.২১

**বিষয়: বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার এর কর্মপরিকল্পনার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল, ২০২৪ হতে জুন, ২০২৪ পর্যন্ত)-এর প্রতিবেদন।**

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতির ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন (এপ্রিল, ২০২৪ হতে জুন, ২০২৪ পর্যন্ত) প্রস্তুতপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

২৫-০৬-২০২৪
জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১)

সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

**দৃষ্টি আকর্ষণ:**
উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২৫-০৬-২০২৪
শাহরিয়ার আল হাসান
সহকারী পরিচালক (বিনিয়োগ)

প্রতিবেদনের অংশ:

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৩-২৪ প্রস্তুত করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতিকে ০৩ (তিনটি) ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে। গত ১৬ মে, ২০২৪ ইং তারিখে সিটিজেন চার্টার এর ৪র্থ ত্রৈমাসিক কোয়াটার হালনাগাদ করা হয়েছে। সর্বশেষ গত ০৩ জুন, ২০২৪ ইং তারিখে হালনাগাদ করে (কপি সংযুক্ত) ওয়েবসাইট (www.bhtpa.gov.bd) আপলোড করা হয়েছে।

০২। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর আওতায় **নাগরিক সেবায়** বিনিয়োগকারীদের তথ্য সেবা প্রদান, স্পেস বরাদ্দের আবেদন, জমি/প্লট বরাদ্দের আবেদন, বিনিয়োগকারীকে পার্কের অভ্যন্তরীন ইউটিলিটি সেবা প্রদান, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল রক্ষণাবেক্ষণ, উৎপাদন পযায়ে কাঁচামাল আমদানী সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়ন ও প্রত্যায়ন, বিনিয়োগকালীদের ব্যাংকিং সংক্রান্ত কাজে সহায়তা প্রদান, ওয়ার্ক পার্মিট, প্রজেক্ট রেজিস্ট্রেশন, ভিসা সুপারিশ, প্রজেক্ট ক্লিয়ারেন্স, ১ম এডহক আমদানি সনদ (IRC) এর সুপারিশ, ভিসা এ্যাসিস্টেন্স সেবাসমূহ, **প্রাতিষ্ঠানিক সেবায়** সরকারি প্রতিষ্ঠানের অনুকূলে স্পেস/জমি বরাদ্দ, অনলাইন বা সোস্যাল মিডিয়ায় বিভিন্ন তথ্য বা প্রশ্নত্তোর প্রদান এবং **অভ্যান্তরীন সেবায়** চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি সংক্রান্ত বিষয়, অর্জিত ছুটি মঞ্জুর, শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর, বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর, সাধারণ ভবিষ্যত তহবিল এর অগ্রিম মঞ্জুরি, আইসিটি সংশ্লিষ্ট সিষ্টেমের উন্নয়ন মেরামত ও রক্ষনাবেক্ষণ প্রদান করা হয়।

০৩। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সকল কর্মকর্তা,কর্মচারী, আওতাধীন প্রকল্পের প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার এর ফোকাল পয়েন্ট,বিকল্প ফোকালপয়েন্ট কর্মকর্তাদের উপস্থিতিতে গত ০৪/০৬/২০২৪ ইং তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০১ (এক) দিনের একটি কর্মশালা সম্পন্ন হয় (কপি সংযুক্ত)।

০৪। সিটিজেন চার্টার কর্মপরিকল্পনার অংশ হিসেবে গত ১১ জুন, ২০২৪ ইং তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে অনলাইন প্লাটফর্মে (জুম অ্যাপ) এ সভা অনুষ্ঠিত হয় (কপি সংযুক্ত)। বর্ণিত সভায় স্টেকহোল্ডাগণের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের তত্তাবধানে বিভিন্ন হাই-টেক পার্ক, সফটওয়্যার টেকনোলজি পার্ক, আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার পরিচালিত হচ্ছে। এখনো যে সকল পার্কসমূহের জমি কর্তৃপক্ষের অনুকূলে নামজারী করা হয়নি অতিসত্বর নামজারী করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়। | যে সকল পার্কের জমির নামজারী করা হয়নি অতিসত্বর নামজারীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | বিএইচটিপিএ |
| ২। | সভায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর One Stop Service (OSS) এর মাধ্যমে যে সকল সেবা প্রদান করা হয় তা বিস্তারিত আলোচনা হয়। সকল বিনিয়োগকারী (স্টেকহোল্ডারগণ) কে সেবা প্রাপ্তির লক্ষ্যে One Stop Service (OSS) এর মাধ্যমে প্রয়োজনীয় সেবা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | বিনিয়োগকারীগন (স্টেকহোল্ডারগণ) One Stop Service (OSS) এর মাধ্যমে প্রয়োজনীয় সেবা গ্রহণ করবে। | বিনিয়োগকারী এবং বিএইচটিপিএ |
| ৩। | সভায় আলোচনান্তে পার্কের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান প্রতিটি পার্কেই কম/বেশি ভাড়া ও বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। সকল বিনিয়োগকারী (স্টেকহোল্ডারগণ) কে অতিদ্রুত বিদ্যুৎ বিলসহ সমূদয় বকেয়াভাড়া পরিশোধের বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়। | বকেয়া ভাড়া উত্তোলনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিনিয়োগকারী এবং বিএইচটিপিএ |

০৫। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রস্তুতকৃত সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান করা হচ্ছে কি না এ বিষয়ে প্রশাসন শাখা পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষনান্তে দেখা যায় যে, প্রশাসন শাখা হতে নিম্নবর্ণিত অভ্যান্তরীন সেবা সঠিকভাবে প্রদান করা হয়:

| ক্র: | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | চাকরি স্থায়ীকরণ | আবেদনের মাধ্যমে | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) হালনাগাদ বার্ষিক গোপনীয় প্রতিবেদন | বিনামূল্যে | ৩০ কার্যদিবস | **সঠিকভাবে সেবা প্রদান করা হয়।** |
| ২। | পদোন্নতি সংক্রান্ত বিষয় | আবেদনের মাধ্যমে | ১) মেধা, জেষ্ঠ্যতা, অভিজ্ঞতার সনদ<br>২) এসিআর | বিনামূল্যে | ৪৫ কার্যদিবস | |
| ৩। | অর্জিত ছুটি মঞ্জুর | আবেদনের মাধ্যমে | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) ছুটি প্রাপ্যতার হিসাব | বিনামূল্যে | ৭ কার্যদিবস | |

| ক্র: | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৪। | শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর | আবেদনের মাধ্যমে | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) ছুটি প্রাপ্যতার হিসাব | বিনামূল্যে | ৭ কার্যদিবস | |
| ৫। | বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর | আবেদনের মাধ্যমে | ১) সাদা কাগজে আবেদনপত্র<br>২) ছুটি প্রাপ্যতার হিসাব<br>৩) ব্যক্তিগত তথ্য ফরম | বিনামূল্যে | ৭ কার্যদিবস | |

২৩।০১।২৫

জি এস এম জাফরউল্লাহ্
এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক
(গ্রেড-১)